১৯ মার্চ, ২০২৬

শাওয়ালের চাঁদ দেখা যায়নি, শনিবার দেশে পবিত্র ঈদুল ফিতর



সংগৃহীত ছবি

দেশের কোথাও পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি। ফলে রমজান মাস ৩০ দিনে পূর্ণ হচ্ছে এবং শনিবার দেশে উদ্‌যাপিত হবে পবিত্র ঈদুল ফিতর।

বৃহস্পতিবার (১৯ মার্চ) সন্ধ্যায় জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠক শেষে সিদ্ধান্তটি জানানো হয়। ব্রিফিংয়ে ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ বলেন, দেশের আকাশে কোথাও শাওয়ালের চাঁদ দেখা না যাওয়ায় শুক্রবার ৩০ রমজান পূর্ণ হবে। সে অনুযায়ী শনিবার সারাদেশে ঈদ উদ্‌যাপন করা হবে।

এর আগে বুধবার চাঁদ দেখার ওপর ভিত্তি করে সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশ ঈদের তারিখ ঘোষণা করে। সেদিন ওই অঞ্চলেও শাওয়ালের চাঁদ দেখা যায়নি। ফলে সেখানে রমজান ৩০ দিনে শেষ হচ্ছে এবং শুক্রবার মধ্যপ্রাচ্যের দেশগুলোতে ঈদুল ফিতর পালিত হবে।

LENS ASIA